ক্যান্টনমেন্ট বোর্ড
ঢাকা ক্যান্টনমেন্ট।

১৯৯১ ইং সনের ২৪শে অক্টোবর বেলা ১০-০০ ঘটিকায় অনুষ্ঠিত ঢাকা সেনানিবাস পর্যদ সভার কার্য বিবরণী।

প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নিম্ন বর্ণিত সদস্যবর্গ উপস্থিত ছিলেন ঃ-

১। কর্ণেল মনিরুজ্জামান খান, পিএসসি,
স্টেশন কমান্ডার,
ঢাকা সেনানিবাস — প্রেসিডেন্ট — উপস্থিত।

২। এস, ই, এম, ও,
সি, এম, এইচ, ঢাকা সেনানিবাস। — সদস্য — উপস্থিত।

৩। অধিনায়ক,
প্রশাসনিক শাখা, বি, এ, এফ, বেস বাশার,
ঢাকা সেনানিবাস। — সদস্য — উপস্থিত।

৪। কমান্ডিং অফিসার,
বি, এন, এস, হাজী মহসিন,
ঢাকা সেনানিবাস। — সদস্য — উপস্থিত।

৫। সি, এম, ই, এ, (আর্মি),
ঢাকা সেনানিবাস। — সদস্য — উপস্থিত।

৬। জনাব মেহদী হাসান,
(জেলা প্রশাসক, ঢাকা কর্তৃক মনোনীত)
প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট। — সদস্য — উপস্থিত।

৭। জনাব সৈয়দ আজহারুল হক,
৪, সেনানিবাস আবাসিক এলাকা,
ঢাকা সেনানিবাস। — সদস্য — অনুপস্থিত।

৮। লেঃ কর্ণেল (অবঃ) এস, এ, ডব্লিউ, এম, নাজিম হোসেন — ডি ও এইচ এস, বনানী এর প্রতিনিধি সদস্য — অনুপস্থিত।

৯। ফ্লাঃ লেঃ (অবঃ) এ, বি, এম, এ, রশিদ — ডি ও এইচ এস, বনানী এর প্রতিনিধি সদস্য — উপস্থিত।

১০। কর্ণেল (অবঃ) বজলুল গণি পাটওয়ারী, বিপি, পিএসসি, — ডি ও এইচ এস, মহাখালী এর প্রতিনিধি সদস্য — উপস্থিত।

১১। কমান্ডার (অবঃ) টি, আই, এম, নূরুন নবী, — ডি ও এইচ এস, মহাখালী এর প্রতিনিধি সদস্য — উপস্থিত।

১২। জনাব মোঃ আবদুল করিম,
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার,
ঢাকা ক্যান্টনমেন্ট। — সেক্রেটারী — উপস্থিত।

উপস্থিত সম্মানিত সদস্যবর্গকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**প্রস্তাব নং-১ঃ** বিগত সভার কার্য বিবরণী অনুমোদন।

গত ১৯-৯-৯১ ইং তারিখে অনুষ্ঠিত পর্যদ সভার কার্য বিবরণী অনুমোদন করা এবং গৃহীত সিদ্ধান্ত ও কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া।

**গৃহীত সিদ্ধান্তঃ-** গত ১৯-৯-৯১ ইং তারিখে অনুষ্ঠিত পর্যদ সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ সম্পর্কে অবহিত হয়ে উক্ত সভার কার্য বিবরণী অনুমোদন করা হলো।

২য় পৃঃ দ্রঃ

ডি,ও,এইচ,এস, বনানীর রাস্তা কার্পেটিং করনের সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ।

ং-২। ডি,ও,এইচ,এস, বনানীর রাস্তা কার্পেটিং করনের সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ।

বনানী ডি,ও,এইচ,এস, এলাকার ওয়েষ্টার্ণ রোড, মস্‌জিদ রোড, রোড নং-২,৩,৪ ও লেইন নং-৪/এ কার্পেটিং করনের সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ।

ধানুঃ- উপরোক্ত কাজের ১০,৩৯,৭৩৪·৫০ টাকার (১৯৯০ ইং সনের এম,ই,এস, সিডিউল মোতাবেক) সংশোধিত মূল্যানুমান অনুমোদন করা হলো।

ং-৩। বনানী ডি,ও,এইচ,এস,এর (ওয়াসা কর্তৃক খননকৃত) রাস্তারমেরামত/কার্পেটিং এর মূল্যানুমান অনুমোদন করণ।

বনানী ডি,ও,এইচ,এস, এলাকায় ওয়াসা কর্তৃক খননকৃত রোড নং-৫ ও ৬, লেইন নং-৬/এ, ৬/বি এবং ৬/সি, মেরামত সহ কার্পেটিং করনেরমূল্যানুমান অনুমোদন করণ।

সিদ্ধানুঃ- উপরোক্ত কাজের ৫,৪০,৫৮১·৯১ টাকার (১৯৯০ ইং সনেরএম,ই,এস, সিডিউল মোতাবেক) মূল্যানুমান অনুমোদন করা হলো।

ং-৪। শহীদ সরণী হইতে কচুক্ষেত এম,পি, চেক পোষ্ট পর্যন্ত রাস্তা মেরামত/কার্পেটিং এর সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ।

শহীদ সরণী হইতে কচুক্ষেত এম,পি, চেক পোষ্ট পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিং করনের সংশোধিত মূল্যানুমান অনুমোদন করণ।

সিদ্ধানুঃ- উপরোক্ত কাজের জন্য প্রস্তাবিত ৫,৬৬,৩৪২·০০ টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদন করা গেল না। তবে শহীদ সরণী হইতে ২০০' ফুট ২" কার্পেটিং এবং বাকীটা পটহোল মেরামত ও ড্রেনের নির্মান বাবদ ২,৫৭,০০০·০০ টাকার মূল্যানুমান অনুমোদন করা গেল। বিধি মোতাবেক উক্ত প্রকল্প বাস্তবায়নের পদক্ষেপ নেয়া হোক।

নং-৫। কচুক্ষেত পার্ক সংলগ্ন দোকানের সামনে পি সি সি রাস্তা নির্মানের মূল্যানুমান অনুমোদন করণ।

কচুক্ষেত সুপার মার্কেটের পার্ক সংলগ্ন দোকানের সম্মুখে পি সি সি রাস্তা নির্মাণ করনের মূল্যানুমান অনুমোদন করণ।

সিদ্ধানুঃ- উপরোক্ত কাজে ৪,৩৫,০০০·০০ টাকার (১৯৯০ ইং সালের এম,ই,এস, সিডিউল অনুযায়ী) মূল্যানুমান অনুমোদন করা হলো।

নং-৬। কচুক্ষেত সুপার মার্কেটেরপার্ক সংলগ্ন দোকানদারদের জন্য গ্রুপ ল্যাট্রিন নির্মান।

কচুক্ষেত সুপার মার্কেটের পার্ক সংলগ্ন দোকানদারদের জন্য একটি গ্রুপ ল্যাট্রিন নির্মানের নীতিগত অনুমোদন করণ।

সিদ্ধানুঃ- উপরোক্ত স্থানে ল্যাট্রিন নির্মানের সিদ্ধান্ত গৃহীত হলো। এই ব্যাপারে একটি সাইটিং বোর্ড গঠন করতঃ গ্রুপ ল্যাট্রিন নির্মানের স্থান নির্ধারণ পূর্বক পরবর্তী পর্যদ সভায় উপস্থাপন করা হোক।

নং-৭। শহীদ বদিউজ্জামান রোড মেরামতের মূল্যানুমান অনুমোদন করণ।

শহীদ বদিউজ্জামান রোড মেরামত করনের মূল্যানুমান অনুমোদন করণ।

সিদ্ধানুঃ- উক্ত রাস্তার পটহোল ও অন্যান্য মেরামত কাজের জন্য ১,১৬,৪৬৭·০০ টাকার মূল্যানুমান অনুমোদন করা গেল।

নং-৮। শহীদ বদিউজ্জামান রোডের ফুটপাথ মেরামতের মূল্যানুমান অনুমোদন করণ।

শহীদ বদিউজ্জামান রোডের ফুটপাথ মেরামত করনেরমূল্যানুমান অনুমোদন করণ।

সিদ্ধানুঃ- অদূর ভবিষ্যতে উক্ত রাস্তাটি চওড়া হওয়ার সম্ভাবনা রহিয়াছে বিধায় প্রস্তাবটি বিবেচনা করা গেল না।

৩য় পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-৯। ওয়ার্কশপের নিকট বাস ষ্ট্যান্ড এর সম্মুখে হার্ড ষ্ট্যান্ড মেরামত করনের মূল্যানুমান অনুমোদন করণ।

শহীদ সরণী সংলগ্ন ওয়ার্কসপের নিকট বাস ষ্ট্যান্ডের সম্মুখে হার্ড ষ্ট্যান্ড মেরামত করনের মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- মূল্যানুমানটি বিবেচনা করা গেল না। পরবর্তী পর্যদ সভায় পেশ করা হোক।

প্রস্তাব নং-১০। ধামালকোট মসজিদ/মাদ্রাসার বাথরুম ও ল্যাট্রিন নির্মানের সর্বনিম্ন দর অনুমোদন করণ।

ধামালকোট মসজিদ/মাদ্রাসার জন্য বাথরুম ও ল্যাট্রিন নির্মানের সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- উপরোক্ত কাজের সর্বনিম্ন দর প্রদানকারী মেসার্স গাজী এন্ড কোং কর্তৃক প্রদত্ত ১২.৯৫% উর্ধে (১৯৯০ ইং সালের এম, ই, এস, সিডিউল মোতাবেক) দরের পরিবর্তে ৫% উর্ধ দর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১১। অর্ডন্যান্স এষ্টেটস এর শিশু পার্কের খেলার সামগ্রি সরবরাহের সর্বনিম্ন দর অনুমোদন করণ।

জিয়া আন্তর্জাতিক বিমান বন্দর সড়কস্থ অর্ডন্যান্স এষ্টেটস এর শিশু পার্কের জন্য খেলা-ধুলার সরঞ্জামাদি সরবরাহ ও স্থাপনের সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- উপরোক্ত কাজের সর্বনিম্ন দর প্রদানকারী মেসার্স এইচ, আর, ট্রেডিং কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ১০% উর্ধে (১৯৯০ ইং সালের এম, ই, এস, সিডিউল মোতাবেক) দরের পরিবর্তে ৭% উর্ধ দর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১২। সেনাপল্লী হাই স্কুলের বাউন্ডারী ওয়াল পুনঃ নির্মানের মূল্যানুমান অনুমোদন করণ।

সেনাপল্লী হাই স্কুলের দক্ষিন পার্শ্বের ভাংগিয়া পড়া বাউন্ডারী ওয়াল মেরামত ও পুনঃ নির্মান করনের মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- উক্ত বাউন্ডারী ওয়াল মেরামত ও পুনঃ নির্মানের ৭৭,৩৪০.৩৭ টাকার মূল্যানুমান (১৯৯০ ইং সালের এম, ই, এস, সিডিউল মোতাবেক) অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৩। বিল্ডিং বাই-ল আংশিক সংশোধন করণ।

বিল্ডিং বাই-ল' নিম্নোক্তরূপে আংশিক সংশোধন করণঃ-

(ক) আবাসিক ভবন ছয় তলা নির্মাণ করণ।

(খ) বানিজ্যিক ভবন আট তলা নির্মাণ করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- সিভিল এভিয়েশন ও বিমান বাহিনীর অনাপত্তি ছাড়পত্র সংগ্রহ সাপেক্ষে আবাসিক ভবন ৬ তলা এবং বানিজ্যিক ভবন ৮ তলা নির্মান করনের প্রস্তাবটি অনুমোদন করা হলো। সেমতে বিল্ডিং বাই-ল আংশিক সংশোধন করা যেতে পারে।

প্রস্তাব নং-১৪। শহীদ সরণীর যানবাহন চলাচলের নির্দেশিকা বোর্ড স্থাপনের মূল্যানুমান অনুমোদন করণ।

শহীদ সরণীতে যানবাহন চলাচলের জন্য উক্ত রাস্তার বিভিন্ন স্থানে নির্দেশিকা বোর্ড সরবরাহ ও স্থাপনের মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধান্তঃ- উক্ত কাজের জন্য ৪১,৪৬৩.৯২ টাকার মূল্যানুমান (১৯৯০ ইং সনের এম, ই, এস, সিডিউল মোতাবেক) অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৫। পানির রেইট বৃদ্ধি করণ প্রসংগে।

পানির রেইট বৃদ্ধি করনের ব্যাপারে ঢাকা ওয়াসার প্রচলিত রেইট বিবেচনা পূর্বক বর্তমান প্রতি ইউনিটের আবাসিক পানির মাসিক রেইট ১০০.০০ টাকা হইতে ১৫০.০০ টাকায় বর্ধিত করণ এবং বানিজ্যিক রেইট ওয়াসার সমাহারে বর্ধিত করনের বিষয় বিবেচনা করা।

H2

৪র্থ পৃঃ দ্রঃ

ীত সিদ্ধান্তঃ- বিষয়টি বিশদ আলোচনান্তে উক্ত খাতে ভূর্তকী হ্রাস কল্পে ঢাকা ওয়াসার প্রচলিত রেইট বিবেচনা পূর্বক আগামী ০১-১১-৯১ ইং তারিখ হইতে নিম্নোক্ত হারে পানির রেইট বৃদ্ধি করার প্রস্তাবটি অনুমোদন করা হলো।

(ক) প্রতি ইউনিটে আবাসিক পানির মাসিক ফ্ল্যাট রেইট ১৫০.০০ টাকা।

(খ) বানিজ্যিক ভবনের প্রতি ইউনিটে প্রতি ১০০০ লিটার ৮.৯৭ টাকা।

(গ) নির্মানাধীন ভবন সমূহের পানির রেইট ওয়াসার প্রচলিত দরে গ্রহন করা হইবে।

াব নং-১৬। শহীদ বদিউজ্জামান রোডের ২৩ টি সোডিয়াম বাতি উঠাইয়া ৪' ফুট টিউব লাইট স্থাপনের মূল্যানুমান অনুমোদন করণ।

শহীদ বদিউজ্জামান রোডের ২৩ টি সোডিয়াম বাতি উঠাইয়া ৪' ফুট টিউব লাইট স্থাপনের মূল্যানুমান অনুমোদন করণ।

ীত সিদ্ধান্তঃ- উক্ত রাস্তার ২৩ টি সোডিয়াম বাতি এক সংগে না উঠিয়ে পর্যায়ক্রমে খারাপ সোডিয়াম বাতির পরিবর্তে তদস্থলে ৪' ফুট টিউব লাইট সেড স্থাপন করে সোডিয়াম বাতিগুলি উঠানোর সিদ্ধান্ত গৃহীত হলো। এ কাজের জন্য প্রয়োজনীয় ২৬,০০০.০০ টাকার মূল্যানুমান অনুমোদন করা গেল।

াব নং-১৭। ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল মেরামত ও ইহার যন্ত্রপাতি ক্রয়ের মূল্যানুমান অনুমোদন করণ।

ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল মেরামত ও ইহার যন্ত্রপাতি ক্রয়ের মূল্যানুমান অনুমোদন করণ।

ীত সিদ্ধান্তঃ- উপরোক্ত বিষয়ে কর্তৃপক্ষের সহিত আলাদা ভাবে আলোচনার মাধ্যমে পরবর্তী সিদ্ধান্ত গ্রহন করা হবে।

াব নং-১৮। আদর্শ বিদ্যা নিকেতন, মানিকদী স্কুলটি সম্পর্কে আলোচনা করণ।

গত ২২-৭-৯১ ইং তারিখের পর্ষদ সভার ২৭ নং সিদ্ধান্তের আলোকে আদর্শ বিদ্যা নিকেতন, মানিকদী স্কুলটির বিষয়ে সাভুসে অধিদপ্তরের ৯-৭-৯১ ইং তারিখের ৭/এমএল এন্ডসি/ঢাকা/ ১৫৭-২/শা-৩/৫৮ নং পত্রের আলোকে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা।

ীত সিদ্ধান্তঃ- এলাকার বিভিন্ন ব্যক্তিবর্গের দরখাস্ত সমূহ সহ সকল কাগজাদি পর্যালোচনা পূর্বক বিষয়টি বিশদ আলোচনান্তে উক্ত স্কুলটি ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণে রাখার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

াব নং-১৯। পেনশনের অনুকূলে অপশন প্রদান প্রসংগে।

পর্ষদের ২১(একুশ) জন শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের পেনশনের অনুকূলে অপশন পত্র বিবেচনা করণ। এই প্রসংগে 'সাভুসে' অধিদপ্তরের ২৫-৪-৯১ ইং তারিখের ২/এমএলএন্ডসি/ জেনারেল/১৫৮-ঢাকা-২/৬১ নং পত্র উপস্থাপন করা হইল।

ীত সিদ্ধান্তঃ- ২১(একুশ) জন শিক্ষক/শিক্ষিকা/কর্মচারীর পেনশনের অনুকূলে অপশন প্রদানের আবেদনপত্রগুলি অনুমোদন করা গেল। তালিকা জোড় পত্র-"ক" আকারে সংযুক্ত।

াব নং-২০। বাৎসরিক আয়-ব্যয়ের হিসাব অনুমোদন করণ।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৮৮-৮৯ ও ১৯৮৯-৯০ আর্থিক সনের বাৎসরিক আয়-ব্যয়ের হিসাব অবহিত হওয়া ও অনুমোদন করণ।

ীত সিদ্ধান্তঃ- বিষয়টি পরবর্তীতে উপস্থাপন করা হোক।

৫ম পৃঃ দ্রঃ

নং-২১। ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ ৭০ নং প্লট ও প্লটে নির্মিত ৮ ফ্লাট বিশিষ্ট বাড়ীটি ৮ জনের নিকট হস্তান্তর/বিক্রয় সম্পর্কে আলোচনা করণ।

ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ ৭০ নং প্লট ও প্লটে নির্মিত আট ফ্লাট বিশিষ্ট বাড়ীটি অবিভাজ্য ও অবিভক্ত অবস্থায় আট জনের নিকট হস্তান্তর/বিক্রয়ের অনুমতি চাহিয়া মালিক মিসেস সরওয়ার মোর্শেদ এর নিযুক্ত আমমোক্তার দি ফ্রি স্কুল স্ট্রীট প্রপার্টি লিঃ এর আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে মালিকের আমমোক্তারনামা, আমমোক্তারের আবেদন, আইন উপদেষ্টার মতামত এবং গত ২২-৭-৯১ ইং তারিখের পর্ষদ সভার সিদ্ধান্ত মোতাবেক সরকারী উকিলের মতামত উপস্থাপন করা হইল।

সিদ্ধান্তঃ- ফ্লাটটি অবিভাজ্য ও অবিভক্ত অবস্থায় ৮ জনের নিকট হস্তান্তর/বিক্রয়ের অনুমোদন দেওয়া গেল।

নং-২২। বাড়ী হস্তান্তর/নামান্তর করণ প্রসংগে।

ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ ৩৭ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি হস্তান্তরের প্রেক্ষিতে নামান্তর করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে আইন উপদেষ্টার মতামতসহ ক্রেতা ডঃ চৌধুরী মোঃ আমির উদ্দিন খান ও মিসেস আসমা বেগমের আবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র উপস্থাপন করা হইল।

সিদ্ধান্তঃ- প্রস্তাবটি অনুমোদন করা হলো।

ব নং-২৩। বাড়ী হস্তান্তর/নামান্তর করণ প্রসংগে।

ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ ১০৫(১১, সপ প্লট) নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি হস্তান্তরের প্রেক্ষিতে নামান্তরের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে আইন উপদেষ্টার মতামতসহ ক্রেতা মিসেস ইয়াসমিন মাহমুদ এর আবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র উপস্থাপন করা হইল।

ীত সিদ্ধান্তঃ- সকল কাগজ পত্রাদি পর্যবেক্ষনান্তে পুনঃ উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

াব নং-২৪। মহাখালী ফিলিপস ফ্যাক্টরীর সম্মুখে ১ নং বানিজ্যিক প্লটে দালান নির্মানের অনুমতি অথবা বিকল্প প্লট প্রদান সম্পর্কে আলোচনা করণ।

মহাখালী ফিলিপস ফ্যাক্টরীর সম্মুখে ১ নং বানিজ্যিক প্লটে দালান নির্মানের অনুমতি অথবা সমপরিমানের বিকল্প প্লট প্রদানের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে ইজারাদার মিসেস উম্মে কুলসুমের আবেদন উপস্থাপন করা হইল।

হীত সিদ্ধান্তঃ- বিষয়োক্ত ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক সিদ্ধান্ত গ্রহন করার নিমিত্ত অধিদপ্তরে লেখার সিদ্ধান্ত গৃহীত হলো।

স্তাব নং-২৫। গার্মেন্টস ব্যবসার অনুমতি প্রদান প্রসংগে।

ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের ১ হইতে ২০ নং দোকানের উপর গার্মেন্টস ব্যবসার অনুমতি ও বরাদ্দ প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে জাতীয় ফুটবল খেলোয়াড় জনাব মোঃ কায়সার হামিদ, পিতা-লেঃ কর্নেল(অবঃ) এম,এ, হামিদ এর আবেদন উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের ১ হইতে ২০ নং দোকানের উপর গার্মেন্টস ব্যবসার নীতিগত অনুমোদন দেওয়া হলো। এ সংক্রান্ত যাবতীয় শর্তাদী নির্ধারণ করে বিধি মোতাবেক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারের সিদ্ধান্ত গৃহীত হলো।

৬ষ্ঠ পৃঃ দ্রঃ

বেকারী ব্যবসার নিমিত্ত আরো ৫ বৎসরের মেয়াদ বৃদ্ধি করণ।

২-২৬। ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে বাৎসরিক ভিত্তিতে গত ১-৭-৯০ ইং হইতে ৩০-৬-৯১ ইং পর্যন্ত

বেকারী ব্যবসার নিমিত্ত ৪(চার) জনের নামে বরাদ্দ করা

ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে ৪(চার) টি দোকানের জায়গা ৪(চার) জনের নামে বরাদ্দ করা হইয়াছে যাহার মধ্যে বরাদ্দলাভকারীগণ অত্র কার্যালয়ের অনুমোদনক্রমে সেমি-পাকা দালান নির্মাণ করিয়াছেন। উহার মেয়াদ ৫(পাঁচ) বৎসর বৃদ্ধি করনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে বরাদ্দলাভকারীদের আবেদন উপস্থাপন করা হইল।

সিদ্ধান্তঃ- ০৫(পাঁচ) বৎসরের পরিবর্তে ০২(দুই) বৎসর মেয়াদ বৃদ্ধি করা হলো।

নং-২৭। প্রতি বর্গফুট ৩.২৫ টাকা হারে ভাড়া প্রদানের বিষয়ে বিবেচনা করণ।

ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের নিম্ন বর্ণিত দোকানগুলির ভাড়া গত ২২-৭-৯১ ইং তারিখের ১৮ নং গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে প্রতি বর্গফুট ৩.২৫ টাকা হারে বলবৎ করনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। দোকান নং-৩৫/এ, ব্যতীত ২১ হইতে ৪৭ পর্যন্ত ২৭ টি এবং মিরপুর ১৪ নং সেকশনের ৪ টি দোকান।

ত সিদ্ধান্তঃ- উপরোক্ত দোকানগুলি হইতে প্রতি বর্গফুট মাসিক ৩.২৫ টাকা হারে ভাড়া নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

ব নং-২৮। "স" মিল স্থাপনের অনুমতি প্রসংগে।

মিরপুরগামী সড়ক পার্শ্বে কচুক্ষেত এলাকায় মিলি সুপার মার্কেট সংলগ্ন একটি "স" মিল স্থাপনের নিমিত্ত ট্রেড লাইসেন্স প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে মেসার্স রনি 'স' মিল, সিবি-১৯৯/২, কচুক্ষেত, ঢাকা সেনানিবাসের আবেদন উপস্থাপন করা হইল।

ীত সিদ্ধান্তঃ- বিষয়োক্ত স্থানে "স" মিল স্থাপনের অনুমতি প্রদান করা হলো। তবে "স" মিলের সামনে দেওয়াল দিতে হবে যাহাতে "স" মিল রাস্তা হইতে দেখা না যায়। "স" মিলের কোন কাঠ ইত্যাদি রাস্তায় রাখা যাবে না।

াব নং-২৯। মহাখালী ডি, ও, এইচ, এস, এলাকায় বাড়ীর বাউন্ডারীর বাহিরের গাছের ডালপালা কর্তন প্রসংগে।

ডি ও এইচ এস, মহাখালী এলাকায় নির্মিত বাড়ীর বাউন্ডারী দেওয়ালের বাহিরে সড়ক পার্শ্বে লাগানো গাছ-পালা/সব্জি বাগান উঠাইয়া ফেলানোর উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা

গৃহীত সিদ্ধান্তঃ- আপাততঃ বৈদ্যুতিক লাইনের নীচের গাছ ও ডাল-পালা কর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৩০। দোকানের জন্য খালি জায়গা বরাদ্দ করণ।

মিরপুর ১৪ নং সেকশনে বরাদ্দকৃত/ইজারাকৃত ৪ টি দোকানের উত্তর পার্শ্বে একটি দোকানের খালি জায়গা বরাদ্দের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে মিসেস তফছিরুন নেছার আবেদন উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- মিসেস তফছিরুন নেছার স্বামী ল্যাঃ নায়েক মফিজুর রহমানকে আবেদনকৃত খালি জায়গা নিয়ম মোতাবেক দোকান করার নিমিত্ত ৫(পাঁচ) বছরের জন্য বরাদ্দ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হইল। প্রতি বর্গফুট ১.০০ টাকা হারে ভাড়া নির্ধারন করা গেল। ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমোদিত নক্সা মোতাবেক তাহাকে দোকান নির্মান করতে হবে।

৭ম পৃঃ দ্রঃ

ং-৩১। সিঁড়ি ঘরের নীচের দোকান/জায়গা বরাদ্দ করণ।

ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের ৪২ ও ৪৩ নং দোকানের পশ্চিম পার্শ্বে নির্মানাধীন সিঁড়ি ঘরের নীচের জায়গা/দোকান কম্পিউটার ট্রেনিং সেন্টার করার নিমিত্ত বরাদ্দ প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে সংশ্লিষ্ট মার্কেটের ১০৬, ১০৭ ও ১০৮ নং দোকানের বরাদ্দপ্রাপ্ত মালিক ডাঃ জিলুর রহিমের আবেদন উপস্থাপন করা হইল।

সিদ্ধান্তঃ- নিলামে সর্বোচ্চ ডাককারীকে উল্লেখিত দোকান/জায়গা বরাদ্দ দেবার সিদ্ধান্ত গৃহীত হইল।

নং-৩২। নামান্তর করনের বিষয় সিদ্ধান্ত গ্রহন।

ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থ ৫০ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ী মেজর (অবঃ) জসিম উদ্দিন এর নামে নামান্তর করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে আইন উপদেষ্টার মতামত সহ ক্রেতা মেজর(অবঃ) জসিম উদ্দিন এর আবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র উপস্থাপন করা হইল।

সিদ্ধান্তঃ- প্রস্তাব মতে নামান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

নং-৩৩। নামান্তর করনের বিষয় সিদ্ধান্ত গ্রহন।

ক্যান্ট নমেন্ট আবাসিক এলাকাস্থ ৬৭/বি নং প্লট/প্লটে নির্মিত বাড়ী মেজর(অবঃ) আনোয়ার হোসেন ও তাঁহার স্ত্রী মিসেস আক্তারী শরীফের নামে নামান্তর করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে আইন উপদেষ্টার মতামতসহ তাঁহাদের আবেদন ও সংশ্লিষ্ট কাগজাত্র উপস্থাপন করা হইল।

ত সিদ্ধান্তঃ- প্রস্তাব মতে নামান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

ব নং-৩৪। বকেয়া গৃহকর আদায়ের ব্যবস্থা সম্পর্কে আলোচনা করণ।

ডি,ও,এইচ,এস, মহাখালী এলাকায় ৩(তিন) বৎসর বা ততোধিক সময়ের বকেয়া গৃহকর আদায়ের ব্যবস্থা গ্রহনে উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে সংশ্লিষ্ট এলাকার বকেয়ার তালিকা উপস্থাপন করা হইল।

হীত সিদ্ধান্তঃ- ডি,ও,এইচ,এস, মহাখালীর যে সব বাড়ীর মালিক তিন বা ততোধিক বৎসরের খাজনা অদ্যাবধি পরিশোধ করেন নাই তাঁহাদেরকে পুনরায় বকেয়া গৃহকর পরিশোধের জন্য তাগাদা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

স্তাব নং-৩৫। কবর পাকা করনের আবেদন বিবেচনা করণ।

কবর পাকা করনের নিমিত্ত বিজেও-১২৩৪৬ নাঃসুবেদার মোঃ বায়েজিদ হোসেন খান, ৫৯৪, এফআই ইউ, ঢাকা সেনানিবাসের আবেদন পত্রটি বিবেচনা করণ।

হীত সিদ্ধান্তঃ- গত ১৯-৯-৯১ ইং তারিখের ৮ নম্বর গৃহীত সিদ্ধান্তের শর্ত সাপেক্ষে কবরটি পাকা করনের অনুমোদন দেওয়া গেল।

৮ম পৃঃ দ্রঃ

-ঃ৮ঃ-

**প্রস্তাব নং-৩৬।** ঢাকা সেনানিবাস এলাকার বিভিন্ন বাড়ীর নক্সা অনুমোদন করণ।

সেনানিবাস এলাকার বিভিন্ন বাড়ীর নক্সা অনুমোদন।

সেনানিবাস এলাকার বিভিন্ন বাড়ীর নক্সা অনুমোদন করা হলো ঃ-

**গৃহীত সিদ্ধান্তঃ-** ঢাকা সেনানিবাস এলাকার নিম্নোক্ত ৯(নয়) টি বাড়ীর নক্সা অনুমোদন করা হলো ঃ-

| | | |
|---|---|---|
| (১) | লেঃ কর্ণেল আলী নূর মাসুদ খান | - ৩১৮, ডি,ও,এইচ,এস, মহাখালী, ঢাকা ক্যান্ট। |
| (২) | মেজর মুজির উদ্দিন আহম্মদ | - ৫৭, ডি,ও,এইচ,এস, বনানী, ঢাকা ক্যান্ট। |
| (৩) | এয়ার ভাইস মার্শাল(অবঃ)সুলতান মাহমুদ। | - সি/১০১, ডিওএইচ,এস, মহাখালী ,, |
| (৪) | লেঃ কর্ণেল সৈয়দ সিরাজুল ইসলাম | - ৩৫৮, -ঐ- |
| (৫) | মেজর জেনারেল আবু সালেহ মোহাম্মদ নাসিম | ১৫৪ -ঐ- |
| (৬) | মিসেস নূর জাহান মহসীন | - ৪৯৪ -ঐ- |
| (৭) | ব্রিগেঃ কাজী মাহমুদ হাসান | - বি/১২২ -ঐ- |
| (৮) | গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) মোঃ কামাল উদ্দিন | - ৪৭২ -ঐ- |
| (৯) | মিসেস সেলিমা রহমান | - সি,এস প্লট নং-১৯৯ (আংশিক) বানিজ্যিক ভবন ৫ম তলা অনুমোদন। |

**প্রস্তাব নং-৩৭।** বিবিধঃ

(ক) মহাখালী ডি,ও,এইচ,এস, এলাকার বিভিন্ন রাস্তা পুনঃ নির্মান/মেরামত প্রসংগে অধিদপ্তরের ০৭-১০-৯১ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৩৯-৭/শা-৮/৫০ নং পত্রের আলোকে অনুমোদিত ১৭,৭৯,০২৬.০০ টাকার মূল্যানুমান সম্পর্কে অবহিত হইয়া ঠিকাদারদের পূর্বের উদ্ধৃত দরে উল্লেখিত কাজ করনের বিষয়ে অথবা এ ব্যাপারে নূতন ভাবে দরপত্র আহবানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

**গৃহীত সিদ্ধান্তঃ-** (ক) বিষয়টি অবহিত হওয়া গেল। সংশ্লিষ্ট ঠিকাদারদের জবাব পর্যালোচনা করা গেল। ঠিকাদারগন পূর্বের উদ্ধৃত রেইটে কাজ করিতে আগ্রহী/ইচ্ছুক কি-না এই ব্যাপারে তাহাদের লিখিত বক্তব্য সুস্পষ্ট নয় বিধায় তাহাদের নিকট হইতে সুস্পষ্ট লিখিত সম্মতি পত্র গ্রহন পূর্বক ২৮-১-৯১ ইং তারিখের পেশকৃত দরপত্রে উদ্ধৃত দরে কাজ করতে রাজী থাকলে উক্ত দরে কার্য্যাদেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। পুনঃ নির্মান/মেরামত কাজের মূল্যানুমান/সিডিউল পূর্বের মূল্যানুমান থেকে পরিবর্তিত হওয়ার পরে প্রদত্ত সংশ্লিষ্ট কার্য্যাদেশগুলো বাতিল করা গেল। পূর্বের উদ্ধৃত রেটে কাজ করতে ঠিকাদারগন রাজী না থাকলে উক্ত কাজের জন্য নূতন ভাবে দরপত্র আহবান করা হোক।

উপস্থিত সদস্যদিগকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শেষ করেন।

( মোঃ আবদুল করিম )
সেক্রেটারী,
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

( কর্ণেল মনিরুজ্জামান খান, পিএসসি, )
প্রেসিডেন্ট,
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

সংযুক্তি পত্র "ক"

## পেনশনের অনুকূলে অপশনকারীদের নামের তালিকা :

| ক্রমিক নং | নাম | | পদবী |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ আলম খান | - | সিনিয়র উপ-সহকারী প্রকৌশলী |
| ২। | " আ,হ,ম,মাহাবুবুর রহমান | - | এসেসর |
| ৩। | " মোঃ আবু জাফর | - | প্রাথমিক শিক্ষক |
| ৪। | মিসেস মনোয়ারা বেগম | - | প্রাথমিক শিক্ষিকা |
| ৫। | " তাহমিনা আক্তার খানম | - | -ঐ- |
| ৬। | মোঃ আলী আশ্রাব মৃধা | - | চৌকিদার |
| ৭। | মোঃ আবদুল হান্নান | - | -ঐ- |
| ৮। | মোঃ মমতাজ উদ্দিন | - | -ঐ- |
| ৯। | জনাব মোঃ হারুন অর-রশিদ | - | ফার্মাসিষ্ট |
| ১০। | মিসেস নাজমুন্নাহার | - | ষ্টাফ নার্স |
| ১১। | " শ্যামলা রাণী দাস | - | -ঐ- |
| ১২। | মোঃ জুলফিকার রহমান | - | মালী |
| ১৩। | মোঃ আবদুল হালিম | - | মালী |
| ১৪। | মোঃ আব্দুল বারেক | - | মালী |
| ১৫। | মোঃ শাহজাদা | - | ঝাড়ুদার |
| ১৬। | মোঃ ইদ্রিছ মিয়া | - | -ঐ- |
| ১৭। | মোঃ সাজ্জাদ হোসেন | - | -ঐ- |
| ১৮। | নুর মোহাম্মদ (২) | - | -ঐ- |
| ১৯। | মোঃ মোয়াজ্জেম হোসেন | - | -ঐ- |
| ২০। | মোঃ রুহুল আমিন | - | -ঐ- |
| ২১। | মিসেস মাজেদা খাতুন | - | -ঐ- |

সেক্রেটারী,
ক্যাণ্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যাণ্টনমেন্ট।

প্রেসিডেন্ট,
ক্যাণ্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যাণ্টনমেন্ট।